গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
আইসিটি শাখা

...

সভাপতি	মোঃ আবু জাফর জেলা প্রশাসক
সভার তারিখ	১৭/১১/২০১৯
সভার সময়	বিকাল ৩.০০ টা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, লালমনিরহাট
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) লালমনিরহাট সভায় জানান যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যাপক ব্যবহারের মাধ্যমে দেশের সার্বিক উন্নয়ন নিশ্চিত করতে সরকার "ভিশন ২০২১: ডিজিটাল বাংলাদেশ" ঘোষণা করেছে। সরকারের এই ঘোষণা অনুসারে দেশে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার, প্রয়োগ ও প্রসারের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নির্দেশনায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কাজ করে যাচ্ছে। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	**<u>ওয়েব পোর্টাল সংক্রান্তঃ</u>** জেলার প্রত্যেক সরকারি বিভাগীয় স্ব স্ব পোর্টালেরতথ্য বাংলা ও ইংরেজি উভয় ভাষায় হালনাগাদ, ফেসবুকপেজের লিংক নিজ নিজ ওয়েবপোর্টালের "সামাজিক যোগাযোগ" সাব-মেনুতে সংযুক্ত করতেহবে এবং ইউনিয়ন ও উপজেলা পোর্টালের তথ্যমনিটরিং কার্যক্রম অব্যাহত রাখা ও পোর্টালের তথ্যবাংলা ও ইংরেজী উভয় ভাষায় হালনাগাদ করা আবশ্যক।	(ক) লালমনিরহাট জেলার সামাজিক বনায়ন, পাট উন্নয়ন, মসলা গবেষণা উপকেন্দ্র, পানি উন্নয়ন বোর্ড এবং লালমনিরহাট ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল অফিস প্রধান কে পোর্টাল হালনাগাদ করার জন্য পত্র প্রদান করতে হবে।	সংশ্লিষ্ট অফিস প্রধান/ কর্মকর্তাগণ, লালমনিরহাট।
		(খ) ইউনিয়ন ও উপজেলা পোর্টালে তথ্য বাংলা ও ইংরেজী উভয় ভাষায় হালনাগাদ করার বিষয়টি নিয়মিত মনিটরিং করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল)কে নির্দেশ দেয়া হয়।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।

০২	**ইউডিসি আয় ও সেবা প্রদানের তথ্য আপলোড সংক্রান্তঃ** ইউডিসির কার্যক্রম সচল ও বেগবান করা এবং এর মাধ্যমেজনসাধারণকে উপযুক্ত সেবা প্রদান করাপ্রয়োজন। কিছু কিছুইউডিসিতে চুক্তিপত্র মোতাবেক উদ্যোক্তা নেই।	(ক)ইউডিসির কার্যক্রমকে সচল ও বেগবান রাখা এবং এ কার্যক্রমে আয় ও সেবাগ্রহীতার সংখ্যা বৃদ্ধি করতে হবে।ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে কি কি সেবা প্রদান করা হয় তা বহুল প্রচারের ব্যবস্থা হিসাবে ক্যাম্পেইন এর আয়োজন করতে হবে। (খ) ইউডিসি উদ্যোক্তার পদ শূন্য হওয়া মাত্র উদ্যোক্তা নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (গ) উদ্যেক্তা দের ভেন্ডর লাইসেন্স সংগ্রহ করতে হবে। যেসকল উদ্যেক্তা ভেন্ডর লাইসেন্স সংগ্রহ করার জন্য আবেদন করেছেন, আবেদনের তথ্য সংগ্রহ করে তাদের দ্রুত ভেন্ডর লাইসেন্স প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঘ) প্রতি উপজেলার ইউনিয়ন সমুহে উদ্যেক্তাদের হালনাগাদ তথ্য সংগ্রহ করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), উপজেলা নির্বাহী অফিসার (সকল), সহকারী কমিশনার লালমনিরহাট।
০৩	**অনলাইনে রেকর্ডরুম হতে পর্চা সরবরাহঃ** জেলা ই-সেবা কেন্দ্রের মাধ্যমে নিয়মিত পর্চাসরবরাহ করা এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারেরমাধ্যমে প্রাপ্ত পর্চারআবেদন মোতাবেক পর্চা সরবরাহ করা আবশ্যক।	প্রতিদিনের পর্চা প্রতিদিন সরবরাহ করতে হবে এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের পর্চা ডাক বিভাগের মাধ্যমে প্রেরণ নিশ্চিত করতে হবে। ডিজিটাল সেন্টার থেকে জমির পর্চার আবেদন বাড়াতে হবে।	ভারপ্রাপ্ত কর্মকর্তা, রেকর্ডরুম।
০৪	**ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তিঃ** জেলা ও উপজেলা পর্যায়ে অনেক অফিসই-ফাইল (নথি) তে লাইভে থাকার পরওকাজ না করার ই-ফাইল (নথি)তে এ জেলারর্যাঙ্কিং ভাল নয়। সকল অফিস কেই-ফাইলেরমাধ্যমে পত্র আদান প্রদান করতে হবে।	জেলা পর্যায়ে সহ যেসকল প্রতিষ্ঠান লাইভে আছে, সেসকল প্রতিষ্ঠানের সাথে ই-ফাইলিং সিস্টেমে চিঠি পত্র আদান-প্রদান করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লালমনিরহাট।

০৫	**সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্তঃ** মাঠ পর্যায়ের সাথে দ্রুত যোগাযোগ স্থাপনের জন্য ই-মেইল ব্যবহার করা প্রয়োজন।	মাঠ পর্যায়ে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্নের জন্য যোগাযোগ রক্ষায় প্রত্যেক অফিসে ই-মেইল সংরক্ষণ এবং তা ব্যবহার করতে হবে।	জেলা/উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা, লালমনিরহাট।
০৬	**উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানঃ** প্রতিমাসে উপজেলা আইসিটি কমিটির সভাআয়োজন করে সভার কার্যবিবরণীপ্রতিমাসের ০১ তারিখের মধ্যে আইসিটিশাখায় প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করা হয়।	প্রতি মাসে উপজেলা আইসিটি কমিটির সভা করে কার্যবিবরণী জেলায় প্রেরণ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে সকল উপজেলা হতে কার্যবিবরণী পাওয়ার লক্ষ্যে টেলিফোনে যোগাযোগ করে তাগিদ প্রদান করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল),/ সহকারী কমিশনার, আইসিটি শাখা লালমনিরহাট।
০৭	**ইউডিসি এর মাধ্যমেপল্লী বিদ্যুতের বিল আদায় কার্যক্রমঃ** এ জেলায় এখনও ইউডিসি এর মাধ্যমে পল্লী বিদ্যুতের বিল আদায় কার্যক্রম শুরু করা হয়নি।	ইউডিসি এর মাধ্যমে পল্লী বিদ্যুতের বিল আদায় কার্যক্রম শুরুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ক্যাম্পেইন করে গ্রাহক সংখ্যা বাড়াতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লালমনিরহাট
০৮	**বিসিসি হতে শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব পরিদর্শন প্রতিবেদন দাখিল বিষয়ক তথ্য:** বিসিসি কর্তৃক স্থাপিত ল্যাবসমূহ এবং শেখরাসেল ডিজিটাল ল্যাব সমুহ কি অবস্থায় আছেসরেজমিন পরিদর্শন করার জন্য অনুরোধ করা হয়।	জেলার সকল ল্যাব সমুহ সরেজমিন পরিদর্শন করে ল্যাবের ক্যাটাগরী, বর্তমান অবস্থা সম্পর্কে বিস্তারিত প্রতিবেদন ১৫ (পনের) দিনের মধ্যে পুনরায় আইসিটি শাখায় দাখিল করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।
০৯	**জেলা পর্যায়ে বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনের তথ্যঃ** সহকারী কমিশনার (আইসিটি) সভায় অবহিতকরেন যে, এমাসে কোন প্রশিক্ষণ প্রদান করা হয়নি।	প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	সহকারী কমিশনার (আইসিটি) লালমনিরহাট।

১০	**মাল্টিমিডিয়া ক্লাস রুম পরিদর্শন সংক্রান্তঃ** মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন করার জন্য অনুরোধ করা হয়।	জেলা শিক্ষা অফিসার জেলার মাল্টিমিডিয়া ক্লাসরুম সমুহ নিয়মিত পরিদর্শন করে মাল্টিমিডিয়া ক্লাস রুম সমুহের বর্তমান অবস্থা ও কার্যক্রম সম্পর্কে প্রতিবেদন একার্যালয়কে অবহিত করবেন এবং মাল্টিমিডিয়া ক্লাস রুম পরিচালনাকারী শিক্ষকগণকে ইনহাউজ প্রশিক্ষণের ব্যাবস্থা করবেন।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট।
১১	**জনসেবায় facebook এর ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত:** সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারসংক্রান্ত নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ) মোতাবেক প্রত্যেকটি অফিস ও শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক ফেসবুক আইডি খোলা এবং পরিচালনার জন্য অনুরোধ করা হয়। ব্যক্তিগত পোস্ট দেয়া যাবে না।	সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৯ মোতাবেক প্রত্যেকটি অফিস ও শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক ফেসবুক আইডি খুলতে ও পরিচালনা করতে হবে।	জেলা পর্যায়ের সকল কর্মকর্তা, লালমনিরহাট।
১২	**National e-Government Network ব্যবহার সংক্রান্ত:** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাংলা গভঃনেট ও ইনফো-সরকার-২ প্রকল্পের মাধ্যমে জেলা ও উপজেলা পর্যায়ে সরকারী দপ্তরে নেটওয়ার্ক কানেকটিভিটি স্থাপন করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	নেটওয়ার্ক কানেকটিভিটি সচল রাখতে হবে।	প্রতিনিধি, ফাইবার এট হোম
১৩	**বিবিধ :** জেলা ওয়েব পোর্টালে শিক্ষা প্রতিষ্ঠানের তথ্যাদি হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।	জেলা ওয়েব পোর্টালে শিক্ষা প্রতিষ্ঠানের তথ্যাদি হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণকরতে হবে।	জেলা শিক্ষা অফিসার/ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট।

পরিশেষে উপস্থিত সদস্যবৃন্দের নিকট ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ভিশন-২০২১ বাস্তবায়নে আন্তরিক সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আবু জাফর
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৭.৫২০০.০২৮.০১.০০২.১৯.২১০

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪২৬
২০ নভেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৩) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
৪) জেলা পর্যায়ের কর্মকর্তা (সকল), লালমনিরহাট
৫) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর
৬) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সার্বিক, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
৭) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।
৮) প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
৯) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, লালমনিরহাট
১০) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
১১) সহকারী কমিশনার, রেকর্ড রুম শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট

মোঃ আবু জাফর
জেলা প্রশাসক